

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ অক্টোবর ২০২২ খ্রি.

আতাউর রহমান কায়সারের মৃত্যুবার্ষিকীতে মেয়রের ফুলেল শ্রদ্ধা আতাউর রহমান কায়সারদের রাজনৈতিক কর্ম জীবন থেকে শিক্ষা নিতে পারলেই কোন রাজনৈতিক কর্মী বিপদগামী হবে না

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, আতাউর রহমান কায়সারের আত্মত্যাগী রাজনৈতিক জীবন থেকে শিক্ষা নিতে পারলে আওয়ামী লীগ কর্মীরা বিপদগামী ও সহাস হারাবেনা। বৃটিশ উপনিবেশিক শাসন আমলে একটি শাস্ত্র পরিবারে জন্ম গ্রহণ করেও আতাউর রহমান কায়সার জন মানুষের সংগঠন আওয়ামী লীগকেই সংগঠিত করা এবং ধারাবাহিক আন্দোলন সংগ্রামের মাধ্যমে মুক্তিযুদ্ধের নেতৃত্ব প্রদান করায় আজ ইতিহাসের গৌরবময় অংশ। তিনি নতুন প্রজন্মকে আতাউর রহমান কায়সারের জীবন থেকে শিক্ষা গ্রহণের জন্য আহ্বান জানান। গতকাল ৯ অক্টোবর রোজ রবিবার সাবেক রাষ্ট্রদূত বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য আতাউর রহমান কায়সারের ১২তম মৃত্যু বার্ষিকীতে মরহমের কবরে ফুলেল শ্রদ্ধা নিবেদন করে অনুভূতি প্রকাশ করতে গিয়ে তিনি এ কথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন চসিক প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, আবদুস সালাম মাসুম, জহর লাল হাজারী, ওয়াসিম উদ্দিন চৌধুরী, পুলক খান্টগীর, আবুল হাসনাত মো. বেলাল, নুর মোস্তাফা টিনু প্রমুখ।

মেয়র আরো বলেন, রাজনীতি হচ্ছে মানুষের কল্যাণের জন্য। যে রাজনীতি মানুষের কল্যাণে আসেনা তা অপরাধীতার সামিল। তিনি আতাউর রহমান কায়সারদের রাজনৈতিক জীবন থেকে শিক্ষা গ্রহণ আজ সময়ের দাবী বলে অভিমত প্রকাশ করেন।

চসিকের ঈদে মিলাদুল্লী (স:) উপলক্ষে মিলাদ ও আলোচনা সভায় মেয়র

হযরত মুহাম্মদ (স:)’র আদর্শ ও বিচক্ষনতা বর্তমান বিশ্বে

সংঘাত নিরসনে সহায়ক ভূমিকা রাখতে পারে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, সমাজে সত্যিকার অর্থে আদর্শ নৈতিক বোধসম্পন্ন দেশপ্রেমিক মানুষ গড়ার জন্য প্রিয় নবী হযরত মুহাম্মদ (স:)’র আদর্শ অনুসরণ করাই যথেষ্ট। মুহাম্মদ (স:)’র আদর্শ ও বিচক্ষনতা বর্তমান বিশ্বে জাতিতে-জাতিতে সংঘাত নিরসনে সহায়ক ভূমিকা রাখতে পারে। তিনি আরো বলেন সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবী হযরত মুহাম্মদ (স:)’র জন্ম বিশ্বের মুসলমানদের জন্য অত্যন্ত পবিত্র ও মহিমান্বিত দিন। মহান আল্লাহ হযরত মুহাম্মদ (স:)কে রহমাতুল্লিল আল আমিন তথা সমগ্র বিশ্ব জগতের রহমত হিসেবে প্রেরণ করেন। আজ ১০ অক্টোবর সকালে বাটালি হিলস্থ চসিক অস্থায়ী নগর ভবনের সম্মেলন কক্ষে পবিত্র ঈদে মিলাদুল্লী (স:) উপলক্ষে খতমে কোরআন, মিলাদ ও আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুল নাহারের সঞ্চালনায় এতে উপস্থিত ছিলেন-প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, সমাজ কল্যাণ স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুম, কাউন্সিলর আবদুল মান্নান, সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চকমা, প্রধান প্রকৌশলী রফিকুল ইমলাম, অতি. প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু সালেহ, মনিরুল হুদা, আকবর আলী, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, মীর্জা ফজলুল কাদের, ডা. ইমাম হোসেন রানা, বিভাগীয় ও শাখা প্রধান সহ কর্মকর্তা-কর্মচারীগণ।

মেয়র আরো বলেন বিশ্ব নবী (স:) এর শিক্ষা সমগ্রমানব জাতির জন্য অনুসরণীয় এবং অনুকরণীয়। রসুল (স:) এর অনুপম চরিত্র আজীবন বিশ্ব শান্তির পথ দেখাবে। বাংলাদেশ সরকার এই দিনটিকে জাতীয় দিবস হিসেবে ঘোষণা করায় মেয়র সরকারের প্রতি অভিনন্দন ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। সভাশেষে বিশেষ মোনাজাতের মাধ্যমে দেশ, জাতির ও মুসলিম

উম্মাহর উন্নীত কামনায় করা হয়। মিলাদ ও মোনাজাত পরিচালনা করেন চসিক মাদ্রাসা পরিদর্শক আলহাজ্ব মাওলানা মোহাম্মদ হারুনুর রশিদ চৌধুরী।

চসিক প্রাম্যমাণ আদালত

এডিস মশার বংশ বিস্তার রোধে অভিযানে

১০ ব্যক্তিকে ৮৬ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর সুগন্ধা আবাসিক এলাকার বিভিন্ন ভবনের ছাদ বাগান ও জামাল খান রোডের বিভিন্ন ভবনের ডেঙ্গু রোগ প্রতিরোধের লক্ষ্যে এডিস মশার বংশ বিস্তার রোধে অভিযান পরিচালনা করা হয়। এই সময় সুগন্ধা আবাসিক এলাকার তিনটি বাড়ীর ছাদ বাগানে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিকদের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা ও জামালখান সানমান স্প্রিং গার্ডেনের বেইসমেন্ট ফ্লোরে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় ভবন মালিককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালনা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নন্দনকানন ২নং গলি এলাকায় ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাড়ীর ছাদ বাগান পরিদর্শন করা হয়। এই সময় ছয়টি বাড়ীর ছাদ বাগানের টপে এডিস মশা বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় উক্ত ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩